দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 30 JUN 2017 ... ...
পৃষ্ঠা ...১৬ কলাম...৮ ......

# স্কুলে মদের আসর, প্রধান শিক্ষকসহ ৫ জনের জেল

স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥ তানোরে স্কুলের অফিস ঘরে মদ খাওয়ার সময় প্রধান শিক্ষকসহ পাঁচজনকে আটক করেছে পুলিশ। বৃহস্পতিবার দুপুরে তাদের আটক করা হয়। পরে সন্ধ্যায় ভ্রাম্যমাণ আদালতের বিচারক উপজেলা নির্বাহী কর্মকর্তা শওকাত আলী প্রধান শিক্ষকসহ পাঁচজনকে তিন মাস করে বিনাশ্রম কারাদণ্ডাদেশ দেন।

(১৫ পৃষ্ঠা ৭ কঃ দেখুন)

## স্কুলে মদের

(১৬-এর পৃষ্ঠার পর)

দণ্ডপ্রাপ্তরা হলো উপজেলার কামারগাঁ ইউনিয়নের ছাঐড় নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও তানোর উপজেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি সুলতান আহম্মেদ, একই বিদ্যালয়ের সহকারী শিক্ষক বুলবুল আহম্মেদ, বারোঘরিয়া গ্রামের দলিল লেখক শাহ আলম, ঢাকা সাবরেজিস্ট্রি অফিসের দলিল লেখক মোস্তাফিজুর রহমান ও হাতিশাইল গ্রামের সাবেক সেনা সদস্য দূরুল হুদা।

পুলিশ আটককৃত পাঁচজনকে উপজেলা নির্বাহী অফিসার শওকত আলীর কার্যালয়ে হাজির করে। এ সময় নির্বাহী অফিসার তার কার্যালয়ে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে প্রত্যেককে তিন মাসের করে বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দেন। ওসি জানান, দণ্ডপ্রাপ্তদের বৃহস্পতিবার সন্ধ্যা পর রাজশাহী কেন্দ্রীয় কারাগারে পাঠানো হয়েছে।